কালের কণ্ঠ

তারিখ 18 SEP 2017
পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

# স্নাতক শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

## শিক্ষাবর্ষ ঃ ২০১৭-১৮

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের চারটি অনুষদের নিম্নবর্ণিত বিভাগসমূহে স্নাতক কোর্সে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে। A level পাশ এবং বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে পাশকৃত প্রার্থী ব্যতীত অন্যান্যদের আবেদন অনলাইন-এর মাধ্যমে গ্রহণ করা হবে। যে সকল ছাত্র-ছাত্রী শুধুমাত্র ২০১৭ সালে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাশ করেছে অথবা ২০১৬ সালের সেপ্টেম্বরের পরে A লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হয়েছে, ভর্তি নির্দেশিকার অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে তারাই ভর্তি পরীক্ষার অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে।

১। ভর্তির জন্য নির্ধারিত বিভাগ ও আসন সংখ্যা ঃ

বিভাগসমূহঃ Civil Engineering-১৩০টি, Computer Science and Engineering-১৩০টি, Electrical and Electronic Engineering-১৩০টি, Electronics and Telecommunication Engineering-৩০টি, Mechanical Engineering-১৩০টি, Petroleum and Mining Engineering-৩০টি, Civil and Water Resources Engineering-৩০টি, Mechatronics and Industrial Engineering-৩০টি, Architecture-৩০টি এবং Urban and Regional Planning-৩০টি, সর্বমোট ৭০০টি আসন। এ ছাড়াও [illegible] সম্প্রদায়ের জন্য ০১টি, পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার উপজাতীয়দের জন্য ১০টি সহ অতিরিক্ত ১১টি আসন সংরক্ষিত আছে। ভর্তির জন্য অন্য কোন ধরনের আসন সংরক্ষিত নেই।

২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা ঃ

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে ২০১৭ ইং সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় পাশ হতে হবে অথবা ২০১৬ ইং সালের সেপ্টেম্বরের পরে A লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

গ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে পাশ হতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঘ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন ও ইংরেজি এ চার বিষয়ে কমপক্ষে মোট জিপি ১৮.৫০ ও ইংরেজী মাধ্যম/বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঙ) প্রার্থী GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন ও ইংরেজীসহ কমপক্ষে পাঁচটি পেপারে ন্যূনতম 'B' গ্রেড পেয়ে পাশ হতে হবে। GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থ বিজ্ঞান, রসায়ন ও গণিতে পৃথক পৃথকভাবে কমপক্ষে 'B' পেয়ে পাশ হতে হবে।

৩। অনলাইনে ভর্তির আবেদন সংক্রান্ত

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম কেবলমাত্র অনলাইনে পূরণ করা যাবে এবং আবেদন ফি ডাচ্‌-বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করতে হবে। কোন ছাপানো ফরম বিক্রয় করা হবে না এবং ডাচ্‌-বাংলা মোবাইল ব্যাংকিং ব্যতীত অন্য কোন মাধ্যমে আবেদন ফি গ্রহণযোগ্য হবে না।

সকল আবেদনকারীর মধ্য থেকে HSC তে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজীতে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে প্রথম 10000 (দশ হাজার) জনকে ভর্তি পরীক্ষায় জন্য নির্বাচিত ঘোষণা করা হবে। তবে, 10000তম স্থানে একাধিক প্রার্থী থাকলে ক্রমানুসারে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজি বিষয়ের HSC তে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তি পরীক্ষার জন্য যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। সেক্ষেত্রে HSC তে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজিতে একই নম্বর প্রাপ্ত 10000তম স্থানের সকল প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

আবেদন ফি গ্রুপ-KA (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ) এর জন্য ৯০০/-(নয়শত) টাকা এবং গ্রুপ-KHA (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ) এর জন্য ১,০০০/-(এক হাজার) টাকা।

**দ্রষ্টব্য ঃ**

অনলাইন পদ্ধতিতে আবেদনের সময় বিশেষ সর্তকতা অবলম্বন এবং নির্দেশনাসমূহ ভালোভাবে অনুসরণ করার জন্য পরামর্শ দেয়া হল।

(I) নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে যে কোন সময় অনলাইন পদ্ধতিতে আবেদন করা যাবে।

(II) একবার অনলাইন পদ্ধতিতে আবেদন করলে কোন ধরনের পরিবর্তন কিংবা তা প্রত্যাহার করা যাবে না এবং কোন টাকা ফেরৎ দেয়া হবে না।

(III) আবেদন ফি পরিশোধ সংক্রান্ত কোন সমস্যায় সম্মুখীন হলে ডাচ বাংলা ব্যাংকের Call Center-১৬২১৬ নম্বরে সার্বক্ষণিক যোগাযোগ করা যেতে পারে।

(IV) আবেদনে ব্যবহৃত রঙিন ছবির এক কপি (সত্যায়িত) ভর্তি পরীক্ষার দিন পরীক্ষার হলে নিয়ে আসতে হবে।

(V) প্রবেশপত্র ছাড়া কাউকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

(VI) ভর্তি সংক্রান্ত সাধারণ যোগাযোগের জন্য রেজিস্ট্রার অফিসের নিম্নের যে কোন নম্বরে অফিস সময়ে যোগাযোগ করা যেতে পারে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........